

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৭০০

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৬. যুদ্ধে যুদ্ধান্ত পাওয়া গেলে তা যুদ্ধে ব্যবহার করা বৈধ।

### باب فِي الرُّحْصَةِ فِي السِّلَاحِ يُقَاتِلُ بِهِ فِي الْمَعْرَكَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، قَالَ أَخْبَرَنَا إِبْرَاهِيمُ، - يَعْنِي ابْنَ يُوسُفَ بْنَ إِسْحَاقَ بْنَ أَبِي إِسْحَاقَ السَّبَّيْعِيِّ - عَنْ أَبِيهِ، عَنْ أَبِي إِسْحَاقَ السَّبَّيْعِيِّ، حَدَّثَنِي أَبُو عُبَيْدَةَ، عَنْ أَبِيهِ، قَالَ مَرَرْتُ فَإِذَا أَبُو جَهْلٍ صَرِيحٌ قَدْ ضُرِبَتْ رِجْلُهُ فَقُلْتُ يَا عَدُوَّ اللَّهِ يَا أَبَا جَهْلٍ قَدْ أَخْزَى اللَّهُ الْأَخْرَ . قَالَ وَلَا أَهَابُهُ عِنْدَ ذَلِكَ . فَقَالَ أَبْعُدْ مِنْ رَجُلٍ قَتَلَهُ قَوْمُهُ فَضْرَبْتُهُ بِسَيْفٍ غَيْرِ طَائِلٍ فَلَمْ يُغْنِ شَيْئًا حَتَّى سَقَطَ سَيْفُهُ مِنْ يَدِهِ فَضْرَبْتُهُ بِهِ حَتَّى بَرَدَ .

বাংলা

২৭০০. মুহাম্মদ ইবন 'আলা (রহঃ) ..... আবু উবায়দা (রহঃ) তাঁর পিতা (আব্দুল্লাহ ইবন মাসউদ) থেকে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি বদর-যুদ্ধে চলাকালে লক্ষ্য করি যে, আবু জাহল (যমীনে) পড়ে আছে। তখন আমি তার পায়ের উপর আঘাত করি এবং বলি, হে আল্লাহর দুশমন! হে আবু জাহল! অবশেষে আল্লাহ তোমাকে অপদস্থ করেছেন।

রাবী বলেনঃ এ সময় তার কোন ভয় আমার মাঝে ছিল না। তখন সে বলেঃ তাজ্জবের ব্যাপার এই যে, এক ব্যক্তিকে তার কণ্ঠের লোকেরা তরবারি দিয়ে হত্যা করেছে। এরপর আমি তাকে অতি নিকট হতে তরবারি দিয়ে আগাত করি কিন্তু তা কার্যকরী হয়নি। এমনকি তার হাত থেকে তার তরবারি পড়ে যায়, তখন আমি তা নিয়ে তার উপর আঘাত করি; ফলে সে ঠাণ্ডা হয়ে যায় (অর্থাৎ মারা যায়)।

## English

Narrated Abdullah ibn Mas'ud:

I passed when Abujahl had fallen as his foot was struck (with the swords). I said: O enemy of Allah, Abujahl, Allah has disgraced a man who was far away from His mercy. I did not fear him at that moment. He replied: It is

most strange that a man has been killed by his people. I struck him with a blunt sword. But it did not work, and then his sword fell down from his hand, I struck him with it until he became dead.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু উবায়দা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34808>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন